গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ**
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-২৯.০০.০০০০.২১৪.২৩.০২২১.২০১৭.৩৬, তারিখ : ১৫ এপ্রিল, ২০২৫ মূলে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নিম্নবর্ণিত বিদ্যমান শূণ্য পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে ঃ

| ক্র.নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | আবেদনকারীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | কানুনগো (গ্রেড-১৩) | ০১ (এক) | ১১০০০-২৬৫৯০/- | স্নাতক/সমমানের ডিগ্রি অথবা এসএসসি/সমমানের পরীক্ষা পাশসহ সার্ভে ডিপ্লোমা পাশ এবং ০৩ বছরের অভিজ্ঞতা। |
| ২। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০১ (এক) | ১১০০০-২৬৫৯০/- | ক) স্নাতক পাস, বিজ্ঞানে স্নাতকদের অগ্রাধিকার দেয়া হবে। খ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে অপারেটরের এ্যাপ্টিচ্যুড (Operators Aptitude) পরীক্ষায় পাশ। |
| ৩। | সার্ভেয়ার (গ্রেড-১৪) | ০১ (এক) | ১০২০০-২৪৬৮০/- | এসএসসি পাশ এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সার্ভেশীপ পাশ। |
| ৪। | নক্সাকার/ড্রাফটসম্যান (গ্রেড-১৫) | ০১ (এক) | ৯৭০০-২৩৪৯০/- | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ড্রাফটম্যানশীপ পাশ। (খ) নকশাকারক কাম প্রাক্কলনিক এর কাজে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| ৫। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০২ (দুই) | ৯৩০০-২২৪৯০/- | স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশসহ সরকার স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান হতে যান্ত্রিক ট্রেড কোর্স সার্টিফিকেটসহ বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| ৬। | কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০২ (দুই) | ৯৩০০-২২৪৯০/- | এইচএসসি পাশ এবং বাংলা ও ইংরেজী টাইপের প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০টি শব্দের গতি। |
| ৭। | কার্য সহকারী/ওয়ার্ক এ্যাসিসটেন্ট (গ্রেড-১৬) | ০৩(তিন) | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে এইচএসসি পাশ। নির্মাণ কাজে ০২ বৎসরে অভিজ্ঞতা সম্পন্ন। |
| ৮। | গাড়ি চালক (গ্রেড-১৬) | ০২ (দুই) | ৯৩০০-২২৪৯০/- | অষ্টম শ্রেণি পাশ এবং ভারীযানবাহন চালনার বৈধ লাইসেন্স সহ ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম দপ্তরী (গ্রেড-১৮) | ০১ (এক) | ৮৮০০-২১৩১০/- | এসএসসি পাশ এবং ০২ বৎসরে অভিজ্ঞতা। |
| ১০। | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০১ (এক) | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাশ। |
| ১১। | নৈশ প্রহরী(গ্রেড-২০) | ০১ (এক) | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাশ। |
| ১২। | পাচক কাম নৈশ প্রহরী (গ্রেড-২০) | ০৩(তিন) | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী পাশ। |

০১। আবেদনকারীকে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর বরাবর দরখাস্তের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ নিম্নে ক্রমিক ০৪ এ বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ১৭/০৭/২০২৫খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময় বিকাল ৪.০০ টার মধ্যে পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

০২। আবেদনপত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে টাইপ করে তথ্যাবলী পূরণ পূর্বক দরখাস্ত করতে হবে। আবেদনপত্রের ছক ও প্রবেশ পত্রের নমুনা ছক পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি কার্যালয় এর অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে। তাছাড়া খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে (www.khdc.gov.bd) পাওয়া যাবে।

০৩। প্রার্থীর বয়স ১৭/০৭/২০২৫খ্রি. তারিখে ১৮ হতে ৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও স্বাক্ষর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি।
গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
ঘ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদের সত্যায়িত কপি।
ঙ) জাতীয় পরিচয়পত্র(এনআইডি কার্ড/স্মার্ট এনআইডি কার্ড) সত্যায়িত কপি।
চ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র ০১ কপি।
ছ) আবেদনপত্রের সাথে ১(এক) কপি এবং প্রবেশ পত্রের সাথে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আঠা/গাম দিয়ে লাগাতে হবে।
জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বিরাঙ্গনার পুত্র/কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বিরাঙ্গনার সনদ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত মুক্তিযোদ্ধা হিসেবে) সনদের সত্যায়িত কপি।
ঝ) আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ**
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



ঞ) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ হতে ৮নং প্রার্থীর ক্ষেত্রে ২০০/=(দুইশত) টাকা, ক্রমিক নং ৯ হতে ১২ ক্রমিকের প্রার্থীর ক্ষেত্রে ১০০/= (একশত) টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নামীয় সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং ৫৪১২২০০০২৫২২৬ -এ জমা দিয়ে জমা স্লীপের মূলকপি সংযুক্ত করতে হবে।

০৫। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাতে হবে, আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভ্রান্ত বলে প্রতিয়মান হলে নিয়োগের যে কোন পর্যায়ে আবেদন পত্র/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে।

০৯। প্রবেশ পত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার এবং মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় ওয়েবসাইটে/নোটিশ বোর্ড ও স্থানীয় পত্রিকার মাধ্যমে জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থিত পদে নিয়োগ প্রদানে বাধ্য নহেন।

১১। কোটা সম্পর্কিত যথাযথ বিধি বিধান অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল সংক্রান্ত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া কোন কোটা দাবী করা হলে (মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) খামের ডান পার্শ্বে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৫। ক্রমিক নং ০২, ০৪, ০৫ ০৬নং এবং ০৮নং পদের প্রার্থীদেরকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে সংশ্লিষ্ট প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(জিরুনা ত্রিপুরা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

**স্মারক নং ২৯.৩৬.০১৮.৩৩.৬৬.০০১.২২-১১৮৩**

**তারিখ ঃ ০৩ জুন, ২০২৫**

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-**

০১. মাননীয় উপদেষ্টা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান।
০৪. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন।
০৬. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
০৮. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯. সম্পাদক/জেলা প্রতিনিধি..............................................................ঢাকা/দৈনিক...........................................,চট্টগ্রাম/ দৈনিক............................................................................................, খাগড়াছড়ি- আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি পত্রিকায় একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণ করতে অনুরোধ করা হলো।
১০. আইটি অফিসার, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি-কে বিজ্ঞপ্তিটি (চাকরির আবেদন ফরম ও প্রবেশপত্র ফরম) এ পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. অফিস কপি/নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

(জিরুনা ত্রিপুরা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

CamScanner